

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ২২শে শ্রাবণ ১৪০৯/৬ই আগস্ট ২০০২

এস, আর, ও নং ২১৬-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৬১-আইন/২০০২, তারিখ ২৬শে জুন, ২০০২ ইং মোতাবেক ১২ই আষাঢ়, ১৪০৯ বাং দ্বারা চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ, জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য চট্টগ্রাম জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৩৬৭৫)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলাধীন নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১০ই ভাদ্র ১৪০৯ বাং মোতাবেক ২৫শে আগস্ট, ২০০২ ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি চন্দনাইশ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল নং	দাগ নং
১	হারলা	চন্দনাইশ	২৩	১—৩১০৮
২	হারলা	হারলা	১১	১—১৩৬২৯
৩	হারলা	দক্ষিণ জোয়ারা	২৪	১—২৮৯৭
৪	জোয়ারা	উত্তর জোয়ারা	১৩	৪৬২০—৫২২০ ৭২৪৫—৭৮২৭ ৮০৭৯—১০১৯২
৫	হাশিমপুর	হাশিমপুর	২১	৪০৩—৬৫৬ ২০০৬৮—২০১১৯
৬	হাশিমপুর	গাছবাড়ীয়া	২২	১—৩৭৪৮ ৫০০১—৮৫০৩

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুল হক

যুগ্ম-সচিব (উন্নয়ন)।

৭০১ সারোয়ারুলজামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।